মেহেরপুরে মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মতবিনিময় সভা

মেহেরপুরে মহিলাদের নিয়ে মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মত বিনিময় সভা ও লিফলেট বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেল চারটার দিকে মল্লিক পাড়ায় আলোচনা সভার আয়োজন করে প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন প্রশিকার বিভাগীয় ব্যবস্থাপক হাফিজুর রহমান। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন মাদকাসক্তি ও প্রতিরোধের বিভাগীয় প্রধান প্রদীপ কুমার বিশ্বাস।

স্বাগত বক্তব্য রাখেন প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের এরিয়া ম্যানেজার ওসমান গনি। অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন মহিলা কাউন্সিলর রেক্সোনা কামাল রেনু।

এ সময় উপস্থিত ছিলেন প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের হিসাব রক্ষক রিতা সাহা, কর্মী সেলিম রেজা, মমতাজ বেগম, দিলরুবা খাতুনসহ দেড় শতাধিক মা ও বোনেরা।

এসময় বক্তারা বলেন, বাংলাদেশসহ সারা বিশ্বে মাদক তথা নেশা জাতীয় দ্রব্য সেবন মারাত্মক আকার ধারণ করেছে। নারী-পুরুষ, যুবসম্প্রদায় কিশোর-কিশোরীরাও মাদকের ভয়ংকর ছোবল থেকে রেহাই পাচ্ছে না। এ নেশা ভবিষ্যত প্রজন্মের জন্য অত্যন্ত ক্ষতিকর প্রভাব তৈরি করবে। সৃষ্টি হবে একটি পঙ্গু ও জরাগ্রস্ত সমাজ। মানুষ একবার নেশাগ্রস্ত হয়ে পড়লে সহজে স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারে না। নেশার কৃষ্ণ সম্পর্কে নিজ পরিবারসহ সমাজের সকল স্তরের মানুষের সচেতন হওয়ার গুরুত্ব অপরিসীম। দেশের যুবসমাজ বিপথে চালিত হলে সমাজ ক্ষতিগ্রস্ত হয় এবং যুবসম্প্রদায়ের মেধাশক্তি বিনষ্ট হয়। অথচ উন্নত সমাজ গড়ে তোলার জন্য দরকার মেধা ও দক্ষ নেতৃত্বসম্পন্ন যুবসমাজ। তাই সুস্থ সমাজ গড়ে তোলার ক্ষেত্রে সমাজের সকল স্তরের মানুষ বিশেষ করে নেতৃস্থানীয় মানুষদের নিয়ে প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মত

□□□□□□□ □□□ □□□ □□□□□□□ □□□□□□□